FINANCIAL REPORTING COUNCIL
FRC
BANGLADESH

# ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এফআরসি

অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন প্লট ই ৫ সি ১ ৯ম তলা
পশ্চিম আগারগাঁও শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা ১২০৭ বাংলাদেশ
www.frc.gov.bd

নং ২৩৬ এফআরসি এসএস প্রজ্ঞাপন ২০২৩ ৩২৯

তারিখঃ ১৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও সংস্থাসমূহের হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণে প্রযোজ্য IPSAS এবং এতদসংক্রান্ত কাঠামো ও মানদন্ড জারিকরণ ও প্রতিপালন সংক্রান্ত প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে সকলের নিকট গ্রহণযোগ্য হিসাবরক্ষণ ও বিশ্বাসযোগ্য আর্থিক প্রতিবেদন প্রণয়ন নিরীক্ষা চর্চা উপযোগী মানদন্ড কাঠামো প্রতিপালন এবং প্রতিষ্ঠানের সুশাসন নিশ্চিতকরণের প্রয়োজন পূরণের উদ্দেশ্যে সরকার ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ দ্বারা ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এফআরসি প্রতিষ্ঠা করেন। এফআরসির অন্যতম উদ্দেশ্য ও কার্যাবলী হচ্ছে হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশা স্ট্যান্ডার্ডস নৈতিকতা সম্পর্কিত মান ইত্যাদি নির্ধারণ বাস্তবায়ন ও প্রতিপালন নিশ্চিতকরণ।

এতদউদ্দেশ্যে এফআরসি বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত বিভিন্ন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও সংস্থাসমূহের হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রণয়নে IPSAS (International Public Sector Accounting Standards) অনুসরণে পাঁচ লেভেল ভিত্তিক আর্থিক প্রতিবেদন কাঠামো এবং এতদসংশ্লিষ্ট মানদন্ড নির্দেশিকা ও নীতি পদ্ধতি প্রণয়ন ও জারি করেছে। উল্লিখিত হিসাবরক্ষণ কাঠামোটির লেভেলসমূহ নিম্নরূপ

লেভেল ১ বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ IPSAS/IFRS (Accrual Basis IPSAS/IFRS);

লেভেল ২ সরলীকৃত IPSAS বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ (Simplified Accrual Basis IPSAS)

লেভেল ৩ সাধারণ বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ (Simple Accrual Basis)

লেভেল ৪ পরিবর্তীত বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণ (Modified Accrual Basis)

লেভেল ৫ IPSAS নগদ ভিত্তিক হিসাবরক্ষণ (Cash Basis IPSAS)।

মানদন্ড নির্দেশিকা ও কাঠামোসমূহ এফআরসির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং এর মুদ্রিত সংস্করণ এফআরসির অফিস হতে সংগ্রহ করা যাবে। সংশ্লিষ্ট সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও সংস্থাসমূহ উক্ত আর্থিক প্রতিবেদন কাঠামো মানদন্ড ও নির্দেশিকাসমূহ অনুসরণপূর্বক নিজ নিজ প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুত করবেন।

উল্লিখিত মানদন্ড নির্দেশিকা ও কাঠামোসমূহ অবিলম্বে কার্যকর হবে।

**মুহাম্মদ আনওয়ারুল করিম এফসিএ**
নির্বাহী পরিচালক
মানদন্ড নির্ধারণী বিভাগ
ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল